গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
শাহজাদপুর,সিরাজগঞ্জ।

তারিখঃ ১৯/১০/২০২২ খ্রিঃ

স্মারক নং- ৩২.০১.৮৮৬৭.০০০.০১৪.০৪৮.২২-

বিষয়ঃ শাহজাদপুর উপজেলায় "জয়িতা অন্বেষণে বাংলাদেশ" শীর্ষক কার্যক্রমের জন্য প্রার্থী মনোনয়ন প্রেরণ প্রসংঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, "মহিলা বিষয়ক অধিদপ্তর" কর্তৃক বাস্তবায়িত "জয়িতা অন্বেষণে বাংলাদেশ কর্মসূচী" একটি চলমান কর্মসূচী। উক্ত কর্মসূচীর আওতায় ২০২২-২০২৩ অর্থবছরের জন্য ০৫ (পাঁচ) ক্যাটাগরীতে ০৫ (পাঁচ) জন জয়িতাদের সম্মাননা প্রদানের লক্ষ্যে ক্যাটাগরি ভিত্তিক নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। (নীতিমালা সংযুক্ত)।

আপনার ইউনিয়নে উল্লেখিত ক্যাটাগরি কোন প্রার্থী পাওয়া গেলে জরুরী ভিত্তিতে ইউনিয়ন কমিটি কর্তৃক মনোনয়ন দান করে আগামী ৩০/১০/২০২২খ্রিঃ তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

(সাদিয়া আফরিন)
উপজেলা নির্বাহী অফিসার
শাহজাদপুর,সিরাজগঞ্জ।

প্রাপকঃ- মেয়র/চেয়ারম্যান,
..............................................ইউনিয়ন পরিষদ।
শাহজাদপুর,সিরাজগঞ্জ।

তারিখঃ ১৯/১০/২০২২ খ্রিঃ

স্মারক নং- ৩২.০১.৮৮৬৭.০০০.০১৪.০৪৮.২২-৩২২

সদয় অবগতির জন্য অনুলিপিঃ
০১। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
০২। ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ,শাহজাদপুর,সিরাজগঞ্জ।
০৩। উপজেলা শিক্ষা/মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শাহজাদপুর,সিরাজগঞ্জ।
(সকল প্রাথমিক/মাধ্যমিক বিদ্যালয়ে প্রচারের জন্য)
০৪। সহকারী প্রোগ্রামার,আইসিটি মন্ত্রণালয়,শাহজাদপুর,সিরাজগঞ্জ। উপজেলা প্রোটালে প্রচারের জন্য।
০৫। উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, শাহজাদপুর,সিরাজগঞ্জ। - তৃণমূল পর্যায়ে প্রচারের জন্য।

১৯/১০/২০২২

(রুবিনা বেগম)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

ক) অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারীঃ একজন নারী যিনি স্বকর্মসংস্থানের মাধ্যমে অর্থনৈতিকভাবে নিজে স্বাবলম্বী হয়েছেন এবং অন্যদেরও পথ দেখিয়েছেন অর্থনৈতিক ভাবে স্বাবলম্বী হতে। (যেমনঃ একজন নারী যিনি এলাকার বাজারে প্রথম দোকান দিয়েছেন এবং তাঁর দেখাদেখি অন্যরাও উৎসাহিত হয়েছেন এবং এগিয়ে এসেছেন অর্থনৈতিক কর্মকান্ডে। কিংবা একজন নারী যিনি নিজে ক্ষুদ্র শিল্প কারখানা দিয়েছেন যেখানে অন্যান্য নারী পুরুষের কর্মসংস্থান হয়েছে)।

খ) শিক্ষা ও চাকুরীর ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারীঃ একজন নারী যিনি নানা প্রতিকূলতাকে জয় করে শিক্ষা ও চাকুরি ক্ষেত্রে অসামান্য সাফল্য অর্জন করেছেন (যেমনঃ একজন অদম্য নারী যিনি দারিদ্র্য ও বিভিন্ন প্রতিকূলতাকে জয় করে পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করেছেন কিংবা যিনি সংশ্লিষ্ট ইউনিয়নের মধ্যে প্রথম বিদেশে উচ্চ শিক্ষা লাভের জন্য গিয়েছেন অথবা যিনি সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে উচ্চ পর্যায়ে কাজ করছেন)।

গ) সফল জননী নারীঃ একজন নারী যিনি একক প্রচেষ্টায় দারিদ্র্য ও অন্যান্য সামাজিক প্রতিকূলতাকে জয় করে তাঁর সন্তানদের সুশিক্ষায় শিক্ষিত করেছেন যারা বিভিন্ন পেশায় সুপ্রতিষ্ঠিত (যেমনঃ একজন বিধবা/স্বামী পরিত্যাক্তা নারী যার সকল সন্তানই বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ ডিগ্রি অর্জন করেছেন)।

ঘ) নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারীঃ নির্যাতনের শিকার নারী যিনি আবারও চেষ্টা করে নির্যাতনের বিভীষিকা পেছনে ফেলে নতুন করে জীবন শুরু করে সফল হয়েছেন (যেমনঃ একজন নারী যার হাতের আঙুলগুলো তার স্বামী কেটে দিয়েছিল শুধু পড়ালেখা করতে চাওয়ার কারণে কিন্তু তিনি থেমে থাকেননি, পড়ালেখা চালিয়ে গেছেন এবং সাফল্য অর্জন করেছেন কিংবা একজন নারী যিনি এসিড সন্ত্রাসের শিকার হয়েছেন কিন্তু তারপরও কর্মক্ষেত্রে সাফল্য অর্জনের চেষ্টা করেছেন)।

ঙ) সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারীঃ সমাজের যে কোন ধরনের অন্যায় বা অসংগতি দূর করার ক্ষেত্রে যে নারী নানাবিধ সফল উদ্যোগ নিয়ে চলেছেন। (যেমনঃ একজন নারী যিনি স্বউদ্যোগে দরিদ্র ছেলে-মেয়েদের শিক্ষার জন্য স্কুল প্রতিষ্ঠা করেছেন কিংবা বাল্য বিবাহ রোধে সামাজিক আন্দোলন গড়ে তুলেছেন অথবা মাদক নির্মূলে অগ্রণী ভূমিকা রেখেছেন এবং সফল হয়েছেন)।

## বাছাই প্রক্রিয়া

- প্রত্যেক ইউনিয়ন চেয়ারম্যানের নেতৃত্বে ইউনিয়ন পরিষদ স্ব স্ব ইউনিয়নে ব্যাপক প্রচার ও অনুসন্ধানের মাধ্যমে উপরোক্ত ক্যাটাগরীতে ইউনিয়নের শ্রেষ্ঠ একজন করে মহিলার প্রস্তাব প্রত্যেক মহিলার এক পৃষ্ঠা জীবনবৃত্তান্ত সহ উপজেলায় প্রেরণ করবে।

"জয়িতা অন্বেষণে বাংলাদেশ" এর আওতায় বিভিন্ন ক্যাটাগরীতে মনোনীত প্রার্থীদের জীবন বৃত্তান্ত

ক্যাটাগরীর নাম ঃ......................................

পর্যায় (ইউনিয়ন,উপজেলা,জেলা) ঃ..............................................

১. নাম ঃ

২. পিতা/স্বামীর নাম ঃ

৩. মাতার নাম ঃ

৪. ঠিকানা ঃ বর্তমান ঃ

স্থায়ী ঃ

৫. বয়স ঃ

৬. বৈবাহিক অবস্থা ঃ
(বিধবা অথবা তালাক প্রাপ্ত হলে
তারিখ উল্লেখ করতে হবে)

৭. শিক্ষাগত যোগ্যতা ঃ

৮. পেশা ঃ

৯. সন্তান সংখ্যা ঃ

১০. আর্থিক অবস্থা ঃ

প্রার্থীর নিজস্ব সম্পদ ঃ

পিতার আর্থিক অবস্থা (পেশা ও আয়) ঃ

স্বামীর আর্থিক অবস্থা (পেশা ও আয়) ঃ

১১. প্রার্থীর বর্তমান আর্থিক অবস্থা ও ঃ
পূর্বের আর্থিক অবস্থার ঃ
তুলনামূলক চিত্র ঃ

১২. প্রার্থীর আর্থিক ও সামাজিক বিপন্নতা সংক্রান্ত বিবরণ (বুলেট ফরমে) ঃ

১৩. কোন ক্যাটাগরীর জন্য মনোনীত ঃ

১৪. উপরোক্ত ক্যাটাগরীতে মনোনীত করার কারণ সমূহ (বুলেট ফরমে) ঃ

১৫. মনোনয়নের জন্য সংশ্লিষ্ট কমিটির ঃ আমি ........................................... পদবী ........................... "জয়িতা পক্ষে প্রত্যয়ন অন্বেষণে বাংলাদেশ" শীর্ষক কার্যক্রমের আওতায় গঠিত প্রচার/প্রচারনার মাধ্যমে প্রাপ্ত সকল আবেদন যাচাই ও মূল্যায়ন করছি যে, ইউনিয়ন পর্যায়ে ব্যাপক তথ্যাদি সরজমিনে যাচাই করে সত্যতা ও বস্তুনিষ্ঠতা সম্পর্কে নিশ্চিত হয়ে উপরোক্ত ক্যাটাগরীতে ........................................................ পর্যায়ের সর্বশ্রেষ্ঠ প্রার্থী হিসাবে কমিটির সকল সদস্যদের নিয়ে যৌথভাবে মনোনীত করে উর্ধতন কমিটির বিবেচনার জন্য উপস্থাপন করলাম। এ বিষয়ে পরবর্তীতে প্রদত্ত তথ্যাদির সঠিকতা ও বস্তুনিষ্ঠতা নিয়ে যে কোন প্রশ্নের জন্য আমি ব্যক্তিগতভাবে এবং কমিটির সকল সদস্যগণ যৌথভাবে দায়বদ্ধ থাকলাম।

স্বাক্ষর ও সীল

বিঃ দ্রঃ প্রয়োজনে আলাদা কাগজ সংযুক্ত করা যাবে।